রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৩, ২০২৩

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৮ কার্তিক, ১৪৩০/১৩ নভেম্বর, ২০২৩

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৮ কার্তিক, ১৪৩০ মোতাবেক ১৩ নভেম্বর, ২০২৩ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে:—

## ২০২৩ সনের ৪৩ নং আইন

## বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২নং আইন) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল (সংশোধন) আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১০ সনের ৪২নং আইনের ধারা ৬ এর সংশোধন**।—বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৬ এর—



**মূল্য :** টাকা ৪.০০

(ক) উপধারা (১) এ উল্লিখিত "Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (Ordinance No. II of 1982)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১নং আইন)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপধারা (২) এ উল্লিখিত "Ordinance এর" শব্দগুলির পরিবর্তে "আইনের" শব্দ প্রতিস্থাপিত হইবে।

৩। **২০১০ সনের ৪২নং আইনের ধারা ১৩ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১৩ এর—

(ক) "(১)" বন্ধনী ও সংখ্যা বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঘ) এ উল্লিখিত "Electricity Act, 1910 (Act No. IX of 1910)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "বিদ্যুৎ আইন, ২০১৮ (২০১৮ সনের ৭নং আইন)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(গ) দফা (ঙ) এ উল্লিখিত "Boilers Act, 1923 (Act No. V of 1923)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "বয়লার আইন, ২০২২ (২০২২ সনের ৬নং আইন)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ঘ) দফা (ছ) এ উল্লিখিত "Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1953)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২নং আইন)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(ঙ) দফা (ঝ) এ উল্লিখিত "Land Development Tax Ordinance, 1976 (Ordinance No. XLII of 1976)" শব্দগুলি, সংখ্যাগুলি, কমা ও বন্ধনীর পরিবর্তে "ভূমি উন্নয়ন কর আইন, ২০২৩" শব্দগুলি, সংখ্যাগুলি এবং কমা প্রতিস্থাপিত হইবে;

(চ) দফা (ঠ) এ উল্লিখিত "মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীর পরিবর্তে "মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭নং আইন)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(ছ) দফা (ড) বিলুপ্ত হইবে।

৪। **২০১০ সনের ৪২নং আইনের ধারা ৩৪ এর প্রতিস্থাপন**।—উক্ত আইনের ধারা ৩৪ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৩৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"**৩৪। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর প্রযোজ্যতা**।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর বিধানাবলী, এই আইনের অধীন প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলের ক্ষেত্রে, প্রয়োজনীয় অভিযোজন সহকারে, প্রযোজ্য হইবে।"

**কে, এম, আব্দুস সালাম**
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd